



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ডবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯;
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd
ড্রেডিট বিভাগ



সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেডিট/শাখা-৫(রুমাবি-৩৩৮)/২০২১-২০২২/৯০২(১২৫০)

তারিখঃ ২২ নভেম্বর ২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ কোভিড-১৯ মহামারির কারণে সৃষ্ট আর্থিক সংকট মোকাবেলায় কৃষি খাতের জন্য গঠিত ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের সার্কুলার নং-এফআইডি-০২/২০২১, তারিখ ২৮ অক্টোবর ২০২১) এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের মাধ্যমে করোনা ভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত প্রান্তিক জনগোষ্ঠীর অর্থনৈতিক কর্মকাণ্ড চলমান রাখা এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিতকল্পে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের সার্কুলার নং-এফআইডি-০২/২০২১, তারিখ ২৮ অক্টোবর ২০২১ এর প্রেক্ষিতে অত্র ব্যাংক হতে বিগত ০৯ নভেম্বর ২০২১ তারিখে সার্কুলার লেটার নং-৮৪৯(১২৫০) জারি করা হয়েছে। উক্ত সার্কুলার লেটারের ধারাবাহিকতায় পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বাংলাদেশ ব্যাংক হতে ৪ নভেম্বর ২০২১ তারিখে ২৮৫৪ নং পত্র মূলে অত্র ব্যাংকের অনুকূলে এখাতে ঋণ বিতরণের জন্য ঘোষিত ৩০০০.০০ (তিন হাজার) কোটি টাকা পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ০৫ (পাঁচ) কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এখাতে ঋণ বিতরণের জন্য বাংলাদেশ ব্যাংকে অতিরিক্ত বরাদ্দের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তীতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করা হবে। বর্তমানে বরাদ্দকৃত ০৫ (পাঁচ) কোটি টাকা বিভাগওয়ারী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হলো :

ক্রঃ নং	বিভাগের নাম	ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা (৩০ জুন ২০২২ এর মধ্যে বিতরণযোগ্য)
০১.	ঢাকা	০.৯৫
০২.	ময়মনসিংহ	০.৫০
০৩.	চট্টগ্রাম	০.৫০
০৪.	খুলনা	০.৫০
০৫.	বরিশাল	০.৫০
০৬.	সিলেট	০.৫০
০৭.	কুমিল্লা	০.৫০
০৮.	ফরিদপুর	০.৫০
০৯.	কুষ্টিয়া	০.৫০
১০.	এলপিও	০.০৫
	মোটঃ	৫.০০

০২। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে উক্ত কার্যালয়সমূহের মধ্যে বন্টন করবেন। একইভাবে বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। বন্টনকৃত লক্ষ্যমাত্রা একীভূত করে বিভাগীয় কার্যালয়সমূহ আগামী ২৫-১১-২০২১ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করবে। লক্ষ্যমাত্রা বন্টনকালে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে :

- ‘নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ী’ অর্থাৎ স্থানীয়ভাবে কৃষি এবং বিভিন্ন আয় উৎসারী কর্মকাণ্ডে নিয়োজিত বিভিন্ন শ্রেণী/পেশার স্থানীয় উদ্যোক্তা ও পেশাজীবী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এ স্কিমের আওতায় ব্যাংকের নিজস্ব নীতিমালায় ঋণ প্রদান করা যাবে।
- অতি দরিদ্র, দরিদ্র অথবা কোন অনগ্রসর গোষ্ঠীভুক্ত ব্যক্তি, অসহায়/নিগৃহীত নারী, কোভিড-১৯ এর প্রভাবে ক্ষতিগ্রস্ত এবং বিদেশ থেকে প্রত্যাগত ব্যক্তিগণ এ ঋণ/বিনিয়োগ প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। তবে, মোট ঋণ/বিনিয়োগের কমপক্ষে ২৫% নারীদের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে;
- বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক সরাসরি নির্বাচিত ক্ষুদ্র উদ্যোক্তার অনুকূলে এককভাবে ঋণ/বিনিয়োগের পরিমাণ হবে সর্বোচ্চ ১৫.০০ (পনের) লক্ষ টাকা এবং ন্যূনতম ০৫ সদস্যবিশিষ্ট যৌথ প্রকল্পে (গ্রুপ) ঋণ/বিনিয়োগের পরিমাণ হবে সর্বোচ্চ ৬০.০০ (ষাট) লক্ষ টাকা;
- ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ের বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুনাফার হার হবে ক্রমহ্রাসমান স্থিতি পদ্ধতিতে (Reducing Balance Method) সর্বোচ্চ বার্ষিক ৭%। স্ট্যাম্প ফি, এসএমএস চার্জ ও সরকারী আবগারী শুল্ক ব্যতীত অন্য কোন চার্জ/ফি আদায় করা যাবে না;

(চলমান পাতা নং-০২)

[Signature]

[Signature]

বিষয়ঃ কোভিড-১৯ মহামারির কারণে সৃষ্ট আর্থিক সংকট মোকাবেলায় কৃষি খাতের জন্য গঠিত ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের সার্কুলার নং-এফআইডি-০২/২০২১, তারিখ ২৮ অক্টোবর ২০২১) এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

- (ঙ) বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে প্রদেয় ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে গ্রেস পিরিয়ড হবে ০৩ (তিন) মাস;
- (চ) ব্যাংক ত্রৈমাসিক ভিত্তিতে অর্থায়নকৃত অর্থ আদায় করবে। এক্ষেত্রে, ক্ষুদ্র উদ্যোক্তাকে প্রদত্ত ঋণ/বিনিয়োগ ০৩ মাস গ্রেস পিরিয়ড শেষ হওয়ার পর ২৪/৩৬ মাসের জন্য প্রদত্ত ঋণ/বিনিয়োগ যথাক্রমে ০৮/১২ টি ত্রৈমাসিক কিস্তিতে সুদসহ আদায় করবে;
- (ছ) খেলাপী ঋণ/বিনিয়োগ গ্রহীতা এ ক্ষিমের আওতায় কোন ঋণ/বিনিয়োগ পাওয়ার যোগ্য হবেন না;
- (জ) এফআইডি-০২ এর আওতায় ঋণ মঞ্জুর করার ক্ষেত্রে আবশ্যিকভাবে অত্র সার্কুলারের সাথে সংযুক্ত-ক' মঞ্জুরি পত্র ব্যবহার করতে হবে;
- (ঝ) এ সার্কুলারের আওতায় চলতি মূলধন আকারে কোন ঋণ বিতরণ করা যাবে না। পরিকল্পনা পরিপত্র নং- ১০/২০১৪ তারিখ: ২৫-০৯-২০১৪ মোতাবেক এফআইডি-০২ এর আওতায় বিতরণকৃত সকল ঋণ ১০১/২৯ খাতে সিবিএসএ ১১২৯ কোড ব্যবহার করে ঋণ হিসাব খুলতে হবে। এক্ষেত্রে ঋণ গ্রহীতা উক্ত ঋণ হিসাবে লেনদেন করতে পারবে না;
- (ঞ) এ সার্কুলারের আওতায় বিতরণকৃত ঋণের মেয়াদ মঞ্জুরি পত্রে, ঋণ হিসাব বিবরণীতে এবং পুনঃঅর্থায়ন প্রতিবেদনে একই হতে হবে;
- (ট) এফআইডি-০২ এর আওতায় বিতরণকৃত ঋণের জন্য শাখায় আলাদা রেজিস্টার ব্যবহার করতে হবে এবং মাস শেষে রেজিস্টারের যোগফলের সাথে দাবীকৃত পুনঃঅর্থায়নের যোগফলের সমান হতে হবে;
- (ঠ) এফআইডি-০২ এর আওতায় বিতরণকৃত ঋণের দাবীকৃত পুনঃঅর্থায়নের যোগফলের সাথে Web Portal এর যোগফল সমান হতে হবে। Web Portal এ খাত ভিত্তিক ঋণ বিতরণের তথ্য অত্যন্ত সতর্কতা অবলম্বন করে দৈনিক ভিত্তিতে এন্ট্রি প্রদান নিশ্চিত করতে হবে। কারণ Web Portal এর খাত ভিত্তিক তথ্যই চূড়ান্ত বলে গণ্য করা হবে;
- (ড) এ সার্কুলারের আওতায় ঋণ বিতরণ না করে/অন্য খাতে ঋণ বিতরণ করে/ঋণ আবেদন গ্রহণপূর্বক পুনঃঅর্থায়নের জন্য দাবী করা যাবে না;
- (ঢ) নির্ধারিত সময়সীমার মধ্যে ঋণ বিতরণ করে মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক থেকে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে শাখা কর্তৃক গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের বিস্তারিত তথ্য ও প্রয়োজনীয় অন্যান্য তথ্য/দলিলাদিসহ (বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নং-এফআইডি-০২/২০২১, তারিখ ২৮ অক্টোবর ২০২১ এর সংযুক্ত ছকের সারনী-২ মোতাবেক) মাসান্তে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে ট্রেন্ডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। কোন কারণে পুনঃঅর্থায়নের জন্য দাবী করা না হলে পরবর্তীতে তা দাবী করা যাবে না এবং এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখার উপর বর্তাবে।

০৩। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারিকৃত সার্কুলার লেটার নং-৮৪৯(১২৫০) তারিখ ০৯ নভেম্বর ২০২১ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ পূর্বক আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। ঋণ বিতরণের খাত ভিত্তিক তথ্য দৈনিক ভিত্তিতে Web Portal এ এন্ট্রি প্রদান নিশ্চিত করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ গুরু থেকেই উক্ত ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করার জন্য অনুমোদনক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,



(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রঃবিঃ/শাখা-৫(রুমাবি-৩৩৮)/২০২১-২০২২/৯০২(১২৫০)

তারিখঃ ২২ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

মঞ্জুরিপত্র (শাখা হতে ঋণ গ্রহিতা)

সূত্র নং ...

তারিখঃ

প্রাপক.....

.....

.....

নমুনা কপি

বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন
ডিপার্টমেন্টের এফআইডি সার্কুলার নং-০২/২০২১
এর আওতায় মঞ্জুরিকৃত ঋণ।

বিষয় : বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের এফআইডি সার্কুলার নং-০২/২০২১, তারিখঃ ২৮ অক্টোবর ২০২১ মোতাবেক নডেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ী অর্থাৎ স্থানীয়ভাবে কৃষি এবং বিভিন্ন আয় উৎসারী কর্মকাণ্ডে নিয়োজিত বিভিন্ন শ্রেণী/পেশার স্থানীয় উদ্যোক্তা ও পেশাজীবী ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্য পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায়..... অনুকূলে ক্ষুদ্র উদ্যোক্তা/খাতে ----- টাকা ঋণবিতরণের তারিখ হতে ০৩ মাসের গ্রেস পিরিয়ড ব্যতিরেকে ২৪/৩৬ মাস মেয়াদে মঞ্জুরি প্রসঙ্গে।

প্রিয়মহোদয়,

আপনার -----তারিখের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের এফআইডি সার্কুলার নং-০২, তারিখঃ ২৮ অক্টোবর ২০২১ এর নির্দেশনা মোতাবেক নডেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ী অর্থাৎ স্থানীয়ভাবে কৃষি এবং বিভিন্ন আয় উৎসারী কর্মকাণ্ডে নিয়োজিত বিভিন্ন শ্রেণী/পেশার স্থানীয় উদ্যোক্তা ও পেশাজীবী ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্য পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রথম বিতরণের তারিখ হতে ০৩ মাসের গ্রেস পিরিয়ড ব্যতিরেকে ২৪/৩৬ মাস মেয়াদে ----- টাকা বিশেষ ঋণ সুবিধা মঞ্জুর করা হয়েছে :

- | | |
|---------------------------------------|--|
| ১। সুযোগ সুবিধার ধরণ | ঃ বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের এফআইডি সার্কুলার নং-০২/২০২১, তারিখঃ ২৮ অক্টোবর ২০২১ মোতাবেক নডেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্রব্যবসায়ী অর্থাৎ স্থানীয়ভাবে কৃষি এবং বিভিন্ন আয় উৎসারী কর্মকাণ্ডে নিয়োজিত বিভিন্ন শ্রেণী/পেশার স্থানীয় উদ্যোক্তা ও পেশাজীবী ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্য পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় মঞ্জুরিকৃত ঋণ। |
| ২। মঞ্জুরির বিভাজন | ঃ দায়-বদ্ধকিতে ----- লক্ষ টাকা। |
| ৩। মোট টাকা | ঃ দেশীয় মুদ্রায় ----- লক্ষ টাকা। |
| ৪। ঋণ মার্জিন অনুপাত | ঃ ----- : -----। (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ৫। সংগ্রহপদ্ধতি | ঃ ----- |
| ৬। উদ্দেশ্য | ঃ ----- পরিচালনা করার জন্য। |
| ৭। জামানত/ সহায়তজামানত | ঃ এল,এফ-৫ মোতাবেক প্রচলিত নিয়ম অনুযায়ী প্রস্তাবিত জামানতি সম্পত্তি ব্যাংকে বদ্ধক থাকবে।(প্রযোজ্য ক্ষেত্রে) |
| ৮। জামানত / সহায়ক জামানতের উপর চার্জ | ঃ ব্যাংকের প্রচলিত নিয়মে প্রথম চার্জ সৃষ্টি করতে হবে।(প্রযোজ্য ক্ষেত্রে) |
| ৯। দলিল সম্পাদন | ঃ সংযুক্তি ‘ক’ মোতাবেক।(প্রযোজ্য ক্ষেত্রে) |
| ১০। সুদের হার | ঃ এ ঋণের সুদের হার হবে ক্রমক্রাসমান স্থিতি পদ্ধতিতে (Reducing Balance Method) সর্বোচ্চ বার্ষিক ৭.০০%। |
| ১১। পরিশোধ পদ্ধতি | ঃ গ্রেস পিরিয়ড শেষ হওয়ার পর ত্রৈমাসিক ভিত্তিতে পরিশোধযোগ্য। |
| ১২। বিতরণ পদ্ধতি | ঃ এক বা একাধিক কিস্তিতে বিতরণ করা যেতে পারে। তবে ১ম কিস্তি যে মাসে বিতরণ করা হবে ২য় কিস্তি ঐ মাসেই বিতরণ করতে হবে। |
| ১৩। হিসাবায়ন পদ্ধতি | ঃ (কম্পিউটার সিবিএস কোড) খাতে হিসাবভুক্ত করতে হবে। |
| ১৪। বীমা | ঃ ব্যাংকের প্রচলিত নিয়মে করিতে হইবে।(প্রযোজ্য ক্ষেত্রে) |
| ১৫। ঋণ তত্ত্বাবধান/পরিদর্শন | ঃ ব্যাংকের প্রচলিত নিয়মে। |
| ১৬। ঋণ পরিশোধ | ঃ ১ম উন্মোচনের তারিখ হতে ০৩ মাসের গ্রেস পিরিয়ডশেষ হওয়ার পর ত্রৈমাসিক ভিত্তিতে ২৪/৩৬ মাসের জন্য প্রদত্ত ঋণ/বিনিয়োগ ০৮/১২ কিস্তিতে পরিশোধযোগ্য। |
| ১৭। অন্যান্য শর্তাবলী | ঃ সংযুক্তি ‘খ’ মোতাবেক। |

উপরোক্ত শর্তসমূহ ব্যতিরেকে ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময়ে আরো নূতন শর্ত আরোপ করার ক্ষমতা রাখে বা মঞ্জুরিকৃত ঋণ প্রদান বন্ধ/বাতিল করার বা ঋণের সমুদয় টাকা ফেরত চাওয়ার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।
যদি উপরোক্ত শর্তাবলী গ্রহণযোগ্য হয় তাহা হইলে অত্র মঞ্জুরিপত্রের একটি অনুলিপি “গৃহীত এবং স্থিরাবৃত্ত” বলিয়া স্বাক্ষর দান পূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট.....তারিখের মধ্যে ফেরত পাঠাইতে হইবে।

“গৃহীত এবং স্থিরাবৃত্ত

স্বাক্ষর :

আপনার বিশ্বস্ত,

শাখা ব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

-----শাখা।

----- অঞ্চল।

বিষয় : বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্টের এফআইডি সার্কুলার নং-০২/২০২১, তারিখঃ ২৮ অক্টোবর ২০২১ মোতাবেক নডেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ী অর্থাৎ স্থানীয়ভাবে কৃষি এবং বিভিন্ন আয় উৎসারী কর্মকাণ্ডে নিয়োজিত বিভিন্ন শ্রেণী/পেশার স্থানীয় উদ্যোক্তা ও পেশাজীবী ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্য পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায়..... অনুকূলে ক্ষুদ্র উদ্যোক্তা/খাতে ----- টাকা ঋণবিতরণের তারিখ হতে ০৩ মাসের গ্রেস পিরিয়ড ব্যতিরেকে ২৪/৩৬ মাস মেয়াদে মঞ্জুরি প্রসঙ্গে।

প্রণোদনার আওতায় মঞ্জুরিকৃত ঋণের বিশেষ শর্তাবলি (প্রযোজ্য ক্ষেত্রে)

- (ক) ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও অবস্থান :
- (খ) জামানত/সহযোগী জামানত (প্রযোজ্য ক্ষেত্রে)
- (১) প্লেন/হাইপোথিকেশন;
 - (২) বন্ধকী দলিল (এল,এফ-১৩) শাখার পূর্বানুমান প্রতিবেদন (এল,এফ-৫) অনুযায়ী প্রস্তাবিত জামানতী সম্পত্তি যথানিয়মে বন্ধক থাকবে। তাছাড়া প্রকল্প/প্রতিষ্ঠানের সকল স্থাপনা ও যন্ত্রপাতি, বর্তমান ও ভবিষ্যৎ সম্পদাদি ইত্যাদি বন্ধক থাকবে;
 - (৩) হলফনামা (এল,এফ-৯);
 - (৪) পাওয়ার অব এটর্নি, বন্ধককৃত সম্পত্তি সরাসরি নিলামে বিক্রির জন্য আইন বিভাগ কর্তৃক জারীকৃত ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং- ০৯/২০০৫, তারিখ ২০/১১/২০০৫ অনুযায়ী;
 - (৫) স্বত্ব দলিলাদি জমা দেয়ার স্মারকলিপি (এল,এফ-১৯) পৌর এলাকার জমি বন্ধক নেয়া হলে;
 - (৬) স্বত্বাধিকারীর প্রতিষ্ঠা সংক্রান্ত অবহিতকরণপত্র (এল,এফ-৪৪);
 - (৭) আইন বিভাগের পত্র নং-প্রকা/আইন-১০৫৯/০৫-০৬/৪৫৮(১২৫০), তারিখ ১৩/০৯/২০০৫ অনুযায়ী বন্ধকী সম্পত্তির ২৫ বছরের মালিকানা লিপিবদ্ধকরণ ও দলিলায়ন সম্পাদন করতে হবে।
- (গ) দলিলপত্র সম্পাদন (Documentation) (প্রযোজ্য ক্ষেত্রে):
- (১) ডি পি নোট একক ও যৌথভাবে;
 - (২) লেটার অব কনটিনিউটি (এলএফ-৬০ই);
 - (৩) রিভাইভাল লেটার (এলএফ-৬০জি);
 - (৪) সকল পরিচালকদের/উদ্যোক্তাদের নিকট হতে ব্যক্তিগত গ্যারান্টি একক ও যৌথ নামে (এলএফ-৬০আই);
 - (৫) পরিচালকদের/উদ্যোক্তাদের সম্পদ ও দায়ের ঘোষণা (পৃথক পৃথক ভাবে);
 - (৬) ঋণ হিসাবের স্থিতি নিশ্চয়নপত্র;
 - (৭) দলিল সম্পাদনের ২১ (একুশ) দিনের মধ্যে রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানিতে চার্জ সৃষ্টি করতে হবে (কোম্পানি/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য);
 - (৮) ব্যাংকের সাথে দলিলাদি সম্পাদন ও ঋণ গ্রহণের জন্য রেজুলেশন (কোম্পানি/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য);
 - (৯) এগ্রিমেন্ট ফর ক্যাশ ক্রেডিট
 - ক) মালামাল হাইপোথিকেশন (এলএফ-৬০বি/এলএফ-৬০সি);
 - খ) হাইপোথিকেশন অব ডেটস এন্ড এ্যাসেটস (এলএফ-৬০ডি);
 - (১০) অন্য কোথাও বন্ধক/চার্জ সৃষ্টি করবেন না মর্মে কোম্পানী/উদ্যোক্তা থেকে অংশীকারনামা;
 - (১১) ষ্টক থেকে মালামাল চুরি, ঘাটতি হলে তার দায়-দায়িত্ব উদ্যোক্তার/কোম্পানীর উপর বর্তাবে মর্মে ঘোষণা;
 - (১২) ব্যাংক কর্তৃক ব্যবসায়ের ব্যবস্থাপনা, স্থায়ী সম্পদ বিক্রি অথবা উপ-বন্ধক প্রদান করতে পারার বিষয়ে ঋণগ্রহীতার ক্ষমতা অর্পন পত্র;
 - (১৩) লেটার অব ডিসক্লেইমার (এলএফ-৬০এফ) গোডাউন ভাড়ার ক্ষেত্রে;
 - (১৪) গুদামের ব্যবহারিক দখলীস্বত্ব উদ্যোক্তা কর্তৃক ব্যাংকের বরাবরে হস্তান্তরের ক্ষমতাদান (প্রযোজ্য ক্ষেত্রে);
 - (১৫) রেজিস্টার্ড পার্টনারশীপ দলিল (অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে);
 - (১৬) সম্মতিপত্র (Letter of Acceptance);
 - (১৭) অন্যান্য প্রযোজ্য দলিলাদি।

- (ঘ) অপারেশন পরিপত্র নং- ১২১/৯৩, তারিখ ০৫/১২/৯৩ মোতাবেক 'টাস্ক ফোর্স' কর্তৃক ঋণটি তদারকী করতে হবে এবং ভবিষ্যতে ঋণ প্রস্তাবের সাথে অবশ্যই টাস্কফোর্স প্রতিবেদন পাঠাতে হবে।
- (ঙ) পরিদর্শন : হাইপোথিকোটেক পন্য নিয়মিতভাবে যাচাই করতে হবে এবং অপারেশন পরিপত্র নং-৪/৯৪, তারিখ ০৯/০১/৯৪ ও ৫/৯৫, তারিখ ১৫/০১/৯৫ এর নির্দেশনা অনুসরণ করতে হবে।
- (চ) অন্যান্য শর্তাবলি : (প্রযোজ্য ক্ষেত্রে)
- (১) এ ঋণের সুদের হার হবে বার্ষিক সর্বোচ্চ ৭.০০%। ঋণ হিসাবটি মঞ্জুরিপত্রের শর্তানুযায়ী পরিচালিত না হলে অত্র ব্যাংকের প্রচলিত সুদ হারে আরোপযোগ্য সমুদয় সুদের টাকা ঋণগ্রহীতার নিকট হতে আদায় করতে হবে এবং সময়ে সময়ে ব্যাংক কর্তৃক পরিবর্তিত সুদের হার এই ঋণের ক্ষেত্রেও প্রযোজ্য হবে;
 - (২) ঋণের মেয়াদ ১ম উত্তোলনের তারিখ হতে ০৩ মাসের গ্রেস পিরিয়ড ব্যতিরেকে ২৪/৩৬ মাস মেয়াদ পর্যন্ত বলবৎ থাকবে যা ০৩ মাস গ্রেস পিরিয়ড শেষ হওয়ার পর ত্রৈমাসিক ভিত্তিতে আদায়যোগ্য। আলাদা ঋণ হিসাব খুলে দলিলায়নের (প্রযোজ্য ক্ষেত্রে) মাধ্যমে মঞ্জুরিকৃত ঋণ বিতরণ করতে হবে।
 - (৩) বিকেবি, প্রধান কার্যালয়ের ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ এর হিসাব পরিপত্র নং-০৭/২০২০, তারিখ ০১/১০/২০২০ মোতাবেক ঋণটি খেলাপী হলে মোট খেলাপী ঋণের উপর অতিরিক্ত ২% হারে সুদ আরোপ করতে হবে;
 - (৪) পূর্বানুমান প্রতিবেদন (এল.এফ-৫) মোতাবেক জামানতি সম্পত্তির স্বত্ব ও মূল্য নির্ধারণ নিশ্চিত হয়ে যথাযথভাবে বদ্ধক গ্রহণপূর্বক মঞ্জুরীকৃত ঋণ বিতরণযোগ্য হবে(প্রযোজ্য ক্ষেত্রে);
 - (৫) প্রতিষ্ঠান, সহযোগী প্রতিষ্ঠান এবং কোম্পানীর পরিচালকদের নামে হালনাগাদ ক্লিন সিআইবি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট/স্থানীয় ব্যাংক শাখাসমূহ হতে দায়-দেনার প্রত্যয়নপত্র গ্রহণ সাপেক্ষে প্রতিষ্ঠান/সহযোগী প্রতিষ্ঠান/কোম্পানীর পরিচালকদের নামে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে অনিয়মিত/শ্রেণীকৃত ঋণ নেই মর্মে নিশ্চিত হয়ে এ ঋণ বিতরণ করতে হবে;
 - (৬) বিবেচ্য প্রতিষ্ঠানের চলতি মূলধনের চাহিদা যথাযথভাবে নিরূপণ করা হয়েছে মর্মে শাখা কর্তৃক নিশ্চিত হতে হবে। এছাড়াও ঋণ মার্জিন অনুপাত ----- অনুসরণপূর্বক বিবেচ্য প্রতিষ্ঠানের অনুকূলে ঋণ বিতরণ ও পরবর্তীতে মনিটরিং করতে হবে;
 - (৭) প্রধান কার্যালয়ের আইন বিভাগের ০৩/০৯/২০১৪ তারিখের পত্র নং প্রকা/আইন-৭৯৫(অংশ-১)/২০১৪-১৫/১৪১(১১৫০) এর নির্দেশনা অনুসরণ পূর্বক বদ্ধকী দলিল সম্পাদনের পূর্বে প্রস্তাবিত জামানতি সম্পত্তি সাব-রেজিস্ট্রি অফিস হতে তল্লাশি পূর্বক দায় মুক্তির সনদপত্র গ্রহণ করতে হবে এবং বদ্ধকী জমির সীমানা চিহ্নিত কাগজপত্র নথিতে সংরক্ষণ করতে হবে(প্রযোজ্য ক্ষেত্রে);
 - (৮) প্রকল্প/প্রতিষ্ঠানের এবং বদ্ধকী সম্পত্তির দৃশ্যমান স্থানে “বাংলাদেশ কৃষি ব্যাংক, ----- শাখায় দায়বদ্ধ” মর্মে সাইনবোর্ড লাগাতে হবে(প্রযোজ্য ক্ষেত্রে);
 - (৯) প্রদানকৃত জামানত ও বদ্ধকীতে প্রদত্ত পন্যের বাজার মূল্যের সাথে ১০% যোগ করে সকল প্রকার ঝুঁকির বিপরীতে ব্যাংক ও উদ্যোক্তার যৌথনামে ব্যাংক বিধি মোতাবেক উদ্যোক্তার খরচে কম্প্রিহেনসিভ বীমা করতে হবে। এক্ষেত্রে অপারেশন পরিপত্র ৮৪/৯৫ তারিখ ০৪/০৯/১৯৯৫ এর নির্দেশনা অনুসরণ করতে হবে(প্রযোজ্য ক্ষেত্রে);
 - (১০) এ ঋণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এফআইডি সার্কুলার নং-০২/২০২১, তারিখঃ ২৮ অক্টোবর ২০২১এর নীতিমালা এবং পরবর্তীতে সময়ে সময়ে জারিকৃত নিয়মাচার যথারীতি প্রযোজ্য হবে;

কর্মকর্তা

ব্যবস্থাপক

সারণী-২ (ব্যাংক কর্তৃক সরাসরি ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে প্রদত্ত ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে)

ক্রমিক নং	ক্ষুদ্র উদ্যোক্তার নাম	লিঙ্গ (পুরুষ/মহিলা/তৃতীয়)	মোবাইল নম্বর	জাতীয় পরিচয়পত্র নং	বিতরণকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ (টাকা)	বিতরণের তারিখ	সুদ/মুনাফার হার	মেয়াদ (মাস পিরিয়ডসহ)	মাস পিরিয়ড	বাত/ উদ্দেশ্য	ঋণ হিসাব নং
মোট											

